

# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 05 May, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) 'এ, বি ও সি' ( বিজ্ঞান ও প্রকৌশল, ব্যবসা শিক্ষা, কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান, আইন অনুষদ) ইউনিটের ভর্তি পরীক্ষার সাবজেক্ট চয়েসের শেষ সময় আগামীকাল সোমবার (৫ মে)। এছাড়া, আগামী ০১ জুলাই থেকে ক্লাস শুরুর পরিকল্পনা রয়েছে।

রবিবার (৪ মে) বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন।

অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, 'সাবজেক্ট চয়েসের শেষ সময় আগামীকাল। এরপর ৮ তারিখ একটি মিটিংয়ের মাধ্যমে ভর্তি কার্যক্রম এর বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। পাশাপাশি, আগামী ০১ জুলাই থেকে ক্লাস শুরুর পরিকল্পনা রয়েছে।'

উল্লেখ্য, গত ১৯ এপ্রিল (শনিবার) 'সি' ইউনিটে ১২টি কেন্দ্র ৭ হাজার ৬৪৬জন পরিক্ষার্থী, 'এ' ইউনিটে ৩০ টি কেন্দ্রে ২১ হাজার ৯৯৯জন পরিক্ষার্থী ও ২৫ এপ্রিল 'বি' ইউনিটে ২১ টি কেন্দ্রে ১৬ হাজার ৭৫৮ জন পরিক্ষার্থী অংশগ্রহণ করেন। এরমধ্যে 'এ' ইউনিটে পাসের হার ৩৪.০৫%, 'সি' ইউনিটে পাসের হার ৬৯.৭৫%, 'বি' ইউনিটে পাসের হার ৪৯.৭১ শতাংশ।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান সাবজেক্ট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:58

URL: <https://www.timestodaybd.com/campus/7758071924>